



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, বগুড়া
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.bogura.gov.bd



নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০১১.৩৬.০০০১.১৬.২১১

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ সুষ্ঠু অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে সম্পাদনের লক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষা ও যান চলাচল নির্বিঘ্ন রাখার জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এ প্রেক্ষিতে লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক রাস্তা, সরকারি জায়গা ও জনসাধারণের চলাচলের পথে গাছের গুড়ি, কাঠ, করাতকলজাত দ্রব্য, বাসাবাড়ি নির্মাণ সামগ্রী বা অন্যান্য বস্তু রেখে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হচ্ছে, যা জনদুর্ভোগের পাশাপাশি নির্বাচন সংশ্লিষ্ট দায়িত্ব পালন ও জরুরি সেবায় বিঘ্ন সৃষ্টি করছে। করাতকল (লাইসেন্স) বিধিমালা, ২০১২ ও সংশ্লিষ্ট বিধি অনুযায়ী সরকারি রাস্তা, জনগণ বা জনসাধারণের ব্যবহৃত স্থানে কাঠ, গাছের গুড়ি বা করাতকলজাত দ্রব্য রেখে প্রতিবন্ধকতা সৃষ্টি করা দণ্ডনীয় অপরাধ।

০২। অতএব, সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

(ক) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক রাস্তা, সরকারি জায়গা বা জনসাধারণের চলাচলের পথে গাছের গুড়ি, কাঠ, বাসাবাড়ি নির্মাণ সামগ্রী বা অন্য কোনো বস্তু রেখে প্রতিবন্ধকতা সৃষ্টি করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হলো।

(খ) করাতকল মালিকগণ তাদের করাতকলের কাঠ ও অন্যান্য উপকরণ আইনসম্মত ও নির্ধারিত স্থানে সংরক্ষণ করবেন।

০৩। উল্লিখিত নির্দেশনা প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এই নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে করাতকল (লাইসেন্স) বিধিমালা, ২০১২, দণ্ডবিধি, ১৮৬০ এবং অন্যান্য প্রযোজ্য আইন অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯-০২-২০২৬

মোঃ তৌফিকুর রহমান

জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া

ফোন : ০২৫৮৯৯০০০২০

ইমেইল : dcbogura@mopa.gov.bd

নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০১১.৩৬.০০০১.১৬.২১১/১ (২১)

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৫। উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬। অধিনায়ক, ৪০ বীর, ১১ পদাতিক ডিভিশন, এরিয়া সদর দপ্তর, বগুড়া সদর, বগুড়া।
- ৭। অধিনায়ক, ১২ ইন্সট বেঙ্গল, ১১ পদাতিক ডিভিশন, এরিয়া সদর দপ্তর, বগুড়া সদর, বগুড়া।
- ৮। পুলিশ সুপার, বগুড়া।
- ৯। অধিনায়ক, ১৬ বিজিবি, নওগাঁ।

- ১০। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
- ১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
- ১২। প্রশাসক, বগুড়া পৌরসভা, বগুড়া।
- ১৩। কোম্পানী কমান্ডার, র্যাব-১২, বগুড়া।
- ১৪। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বগুড়া।
- ১৫। যুগ্ম পরিচালক, এনএসআই, বগুড়া।
- ১৬। উপপরিচালক, ডিজিএফআই, বগুড়া।
- ১৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বগুড়া।
- ১৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া।
- ১৯। সিনিয়র তথ্য অফিসার, বগুড়া (গণবিজ্ঞপ্তি বহুল প্রচারের অনুরোধসহ)।
- ২০। উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), বগুড়া এবং
- ২১। সহকারী কমিশনার (ভূমি) (সকল),বগুড়া।



০৯-০২-২০২৬

মোঃ তৌফিকুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া